

Publication:- Bartaman (Rabibar)

Date:- 3rd December 2017

Page No:- 12

Seminar on Child First, Safety First organized by The Bengal Chamber in association with Early Childhood association on 30th November 2017

চাইল্ড ফার্স্ট, সেফটি ফার্স্ট নিয়ে বেঙ্গল

চেম্বার অব কমার্সের আলোচনাচক্র

তোমাদের আজ একটা ভালো খবর দিই। বেঙ্গল চেম্বার অব কমার্সের এডুকেশন কমিটি 'আর্লি চাইল্ডহুড অ্যাসোসিয়েশন'-এর সঙ্গে যৌথ উদ্যোগে 'চাইল্ড ফার্স্ট, সেফটি ফার্স্ট' নামে একটি বিশেষ আলোচনাচক্রের আয়োজন করেছিল। গত ৩০ নভেম্বর উইলিয়ামসন ম্যাগর হলে এই আলোচনাচক্রটি হয়েছিল। এখানে উপস্থিত ছিলেন বহু বিশিষ্টজন। তাঁদের মধ্যে কয়েকজন উল্লেখযোগ্য

হলেন
কলকাতার
পুলিশ
কমিশনার
রাজীব কুমার,
সুমন সুদ
(টেরিটোরিয়াল
হেড, আর্লি



চাইল্ডহুড অ্যাসোসিয়েশন), দুশান্ত নারিয়াল (আইএএস, সেক্রেটারি, স্কুল শিক্ষা, পশ্চিমবঙ্গ সরকার), ডঃ আশা বর্মা (ইসিএ সেক্রেটারি), অপরাজিতা রাই (আইপিএস), ডঃ স্বাতী পোপাট ভাট (প্রেসিডেন্ট অব ইসিএ অ্যান্ড পোদার এডুকেশন), অলকানন্দা রায় প্রমুখ। এছাড়াও এই অনুষ্ঠানে বিশিষ্ট শিশু মনস্তাত্ত্বিক, শিশুরোগ বিশেষজ্ঞ, স্কুল ম্যানেজমেন্টের প্রধানরাও হাজির ছিলেন।

বিভিন্ন দিক দিয়ে শিশুদের নিরাপত্তা বিষয়ক এই আলোচনাচক্রে শিশুদের শিক্ষা এবং জ্ঞানের জন্য সুরক্ষিত ও স্থায়ী পরিবেশ নিয়ে আলোচনা করা হয়। বিশেষভাবে গুরুত্ব পায় শিশুদের শারীরিক ও মানসিক নিগ্রহের বিষয়টি। উপস্থিত সকলেই 'চাইল্ড ফার্স্ট, সেফটি ফার্স্ট' বিষয়ে তাঁদের মূল্যবান বক্তব্য রাখেন।